

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০৭.২২.১৬৭৯

তারিখ: ০২ কার্তিক ১৪২৯  
১৮ অক্টোবর ২০২২


**প্রজ্ঞাপন**

স্থানীয় সরকার বিভাগের ২৭ এপ্রিল ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০৭.২২.৬৪৬ নং প্রজ্ঞাপন মূলে দেশের ৬১টি জেলা পরিষদে সরকার কর্তৃক প্রশাসক নিয়োগ করা হয়। সে প্রেক্ষিতে জেলা পরিষদ আইন, ২০০০ [জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০২২ দ্বারা সংশোধিত] এর ধারা ৮২(৩) অনুযায়ী জেলা পরিষদের প্রশাসকগণের মেয়াদ আগামী ২৩ অক্টোবর ২০২২ তারিখে অতিক্রান্ত হবে।

২। প্রশাসকগণের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর, নতুন পরিষদ দায়িত্ব গ্রহণের পূর্ব পর্যন্ত জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে শুধুমাত্র কর্মচারীদের বেতন ভাতা ও অন্যান্য রুটিন দায়িত্ব পালনের ক্ষমতা অর্পণ করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


  
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব  
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
ই-মেইলঃ [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০৭.২২.১৬৭৯/১(২০০)

তারিখ: ০২ কার্তিক ১৪২৯  
১৮ অক্টোবর ২০২২

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। বিভাগীয় কমিশনার, ..... (সকল)
- ৬। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৮। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ..... (সকল)
- ৯। জেলা প্রশাসক, ..... (সকল)
- ১০। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ..... (সকল)
- ১২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ..... জেলা
- ১৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৪র্থ তলা, গেইট নং-৪) সেগুনবাগিচা, ঢাকা
- ১৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ..... (সকল)
- ১৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)

  
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব